গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী পরিচালকের কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ড
প্রকিউরমেন্ট শাখা
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১১১.৯৯.১৫৪.০৯.৫০

তারিখ: ৭ বৈশাখ ১৪২৮
২০ এপ্রিল ২০২১

বিষয়: তুলা উন্নয়ন বোর্ড, সদর দপ্তরের জন্য ৭ (সাত)টি ডেক্সটপ ও ৫ (পাঁচ)টি ল্যাপটপ কম্পিউটার আনুষঙ্গিক যন্ত্রপাতিসহ সরবরাহের কার্যাদেশ প্রদান প্রসংগে।

সূত্র: অত্র দপ্তরের দরপত্র বিজ্ঞপ্তি নং-১০২; তারিখঃ ২৫/০২/২০২১ খ্রি:। (e-GP Tender ID No-552400)

তুলা উন্নয়ন বোর্ড, সদর দপ্তরের জন্য ৭টি ডেক্সটপ ও ৫টি ল্যাপটপ কম্পিউটার ক্রয়/সরবরাহের নিমিত্তে সূত্রস্থ স্মারকে আহবানকৃত দরপত্র বিজ্ঞপ্তির প্রেক্ষিতে আপনার প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত দরপত্র এবং বিগত ১২/০৪/২০২১ তারিখে আপনার প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তির আলোকে ভ্যাট, ট্যাক্স এবং আনুষঙ্গিক যন্ত্রপাতিসহ সর্বমোট টাকা = ৮,০৪,৩০৭.০১২ (আট লক্ষ চাঁর হাজার তিনশত সাত দশমিক শূন্য এক দুই) চুক্তিমূল্যে নিম্নে উল্লিখিত শর্তাবলী সাপেক্ষে চুক্তিতে সংযুক্ত স্পেসিফিকেশন বিশিষ্ট ৭টি ডেক্সটপ ও ৫টি ল্যাপটপ কম্পিউটার আনুষঙ্গিক যন্ত্রপাতিসহ অত্র দপ্তরে আগামী ১৭/০৫/২০২১ তারিখের মধ্যে সরবরাহ দেয়ার জন্য কার্যাদেশ প্রদান করা হলো।

শর্তাবলীঃ

১। আগামী ১৭/০৫/২০২১ তারিখের মধ্যে চুক্তিতে সংযুক্ত স্পেসিফিকেশন মোতাবেক অত্র দপ্তরে স্টোর শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তার উপস্থিতিতে উপরিল্লিখিত ৭টি ডেক্সটপ ও ৫টি ল্যাপটপ কম্পিউটার আনুষঙ্গিক যন্ত্রপাতিসহ সরবরাহ করতে হবে।

২। উক্ত মালামালসমূহ সরবরাহের কাজ ”পাওয়ার অব এটর্নী” প্রদান করে বা অন্য কোন উপায়ে অন্য কোন ঠিকাদারের নিকট হস্তান্তর করা যাবে না।

৩। নির্ধারিত সময়ের মধ্যে কার্যাদেশ অনুযায়ী মালামাল সরবরাহে ব্যর্থ হলে কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে।

৪। মালামাল সরবরাহের পর ০৩ (তিন) কপি বিল নিম্নস্বাক্ষরকারীর বরাবর দাখিল করতে হবে।

৫। পূর্ণাঙ্গ কাজ সমাপ্তির পর এর শতভাগ মূল্য ২০২০-২১ অর্থ বছরে তুলা উন্নয়ন বোর্ডের অনুকূলে বরাদ্দকৃত রাজস্ব বাজেট থেকে গ্লোবাল ব্রান্ড প্রাইভেট লিমিটেড, ১৯/২, পশ্চিম প্রান্থপথ (৩য়-৭ম), ধানমন্ডি, ঢাকা-১২০৫ এর বরাবরে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুণবাগিচা, ঢাকা কর্তৃক প্রয়োজনীয় দলিলাদি/কাগজপত্র দাখিল সাপেক্ষে ইস্যুকৃত ক্রসড চেকের মাধ্যমে পরিশোধ করা হবে এবং সরকারী বিধি মোতাবেক বিল হতে আইটি, ভ্যাট, ট্যাক্স কর্তন করা হবে।

৬। ওয়ারেন্টিকৃত সময়ের মধ্যে কম্পিউটার, ল্যাপটপ বা যেকোন যন্ত্রাংশের ত্রুটি/ সমস্যা দেখা দিলে তা অত্র দপ্তর কর্তৃক ঠিকাদার প্রতিষ্ঠানকে অবহিত করার এক সপ্তাহের মধ্যে মেরামত/ নতুনভাবে সংযোজন করতে হবে।

৭। দরপত্রের সকল শর্তাবলী পালন সাপেক্ষে কাজ সম্পাদন করতে হবে এবং উপরোক্ত শর্তাবলী দরপত্রের অতিরিক্ত/সংশোধিত শর্তাবলী হিসাবে গন্য হবে।

৮। উল্লিখিত শর্তাবলী ও চুক্তিতে বর্ণিত শর্তাবলী যথাযথভাবে প্রতিপালিত না হলে কার্যাদেশ বাতিল বলে বিবেচিত হবে।

২০-৪-২০২১
ড. আলহাজ উদ্দিন আহাম্মেদ
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)

গ্লোবাল ব্রান্ড প্রাইভেট লিমিটেড
১৯/২, পশ্চিম প্রান্থপথ (৩য়-৭ম), ধানমন্ডি, ঢাকা-১২০৫।

স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১১১.৯৯.১৫৪.০৯.৫০/১(৫)

তারিখ: ৭ বৈশাখ ১৪২৮
২০ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

২) তুলা উন্নয়ন কর্মকর্তা , প্রশিক্ষণ শাখা, তুলা উন্নয়ন বোর্ড

৩) তুলা উন্নয়ন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি শাখা, তুলা উন্নয়ন বোর্ড

৪) হিসাবরক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব), হিসাব শাখা, তুলা উন্নয়ন বোর্ড

৫) স্টোর কিপার (অতিরিক্ত দায়িত্ব), স্টোর শাখা, তুলা উন্নয়ন বোর্ড। উপরোক্ত প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত ৭টি ডেক্সটপ ও ৫টি ল্যাপটপ কম্পিউটার কার্যাদেশ মোতাবেক জনাব মুহাম্মদ মোফাজ্জল হোসেন, তুলা উন্নয়ন কর্মকর্তা, অত্র দপ্তর এর উপস্থিতিতে বুঝে নেয়ার জন্য বলা হলো।



২০-৪-২০২১
মোঃ মাহফুজুর রহমান
তুলা উন্নয়ন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)